

## বর্ণমালার আলোর মিছিল

### মাহমুদা রু্নু

#### প্রথমা -

বর্ণের সরল মালায় গাথা শব্দেরা  
তা তা থই থই আনন্দে বিভোর  
সে বর্ণেরা দুর্গম পথ কেটে এনেছে মুক্তি  
ভেঙ্গে শেকলে বাধা ডোর ।  
একুশে ফেব্রুয়ারী এক অনন্য প্রলয়ের নাম  
শত শহীদের পবিত্র রুহে শাস্বত সালাম ।

#### দ্বিতীয়া -

অচেনা রঙের পাল তুলে ওরা কোথায় যেন  
টেনে হিচড়ে নিয়ে চলেছে আমার মুখের ভাষা  
বাং-হিন্দ আর বাং-লিশ ঝাড়া যেন সেই পাল  
যা ঝড়ের বেগে ধ্বসে দিচ্ছে বাংলার আশা ।  
আকাশ সংস্কৃতি, বিশ্বায়ন, উন্নত বিজ্ঞান ইত্যাদির  
প্রভুত সুফল যেটুকু এলো  
তারচেয়ে মনে হয় বেশী মাত্রায় এলো বিকৃত শব্দ, বাক্য আর পোষাক  
আর প্রবচন এলোমেলো ।  
উর্দুকে রুখতে হোল রঙের মূল্যে  
তবে হিন্দী প্রবেশপত্র পেল কোটি টাকার বানিজ্যিক মূল্যে ।  
কোথায় পাবে এমন বিপরীতমুখী ইতিহাস ?  
এ কী শুধুই প্রশাসনের নির্মম পরিহাস ?  
নাকি বিবেকের অপমৃত্যুর নির্লজ্য বিকাশ ।

#### তৃতীয়া -

আশার আশাগুলো তবুও পথ কেটে নিয়ে যায়  
অদেখা আগামীর পথে  
আমরা দেবোনা আমার বাংলাকে অপসংলাপে ধুকতে  
সেই ঝাড়াও উভটীন প্রবল মনোরথে ।  
বাংলা একাডেমীর বইমেলায় রোজ প্রকাশ পাচ্ছে অসংখ্য বই  
লেখা হচ্ছে অগনিত, বাঙ্গালী পড়ছে অবিরত  
তবে আর ভয় কি ? রবেই রবেই জয়ী অমূল্য দামে কেনা  
একুশে ফেব্রুয়ারী দুর্বিনিত ।

ওই আসছে ধেয়ে ওই আসছে ধেয়ে - মাঠে মাঠে বলে  
দামাল ছেলে, দস্য মেয়ে, কঠিন পিতা, কোমল মাতা,  
বর্নমালার তুফান তুলে সংসদে আর সংবিধানে  
আকাশপথে নিষেধ পাহাড়, চ্যানেল জুড়ে শুদ্ধ বিধান

সংকৃতির আইন গাথা ।  
আশির্বানী আশার বানী  
হৃদয়জুড়ে অনেকখানি ।  
বর্নে রাগ্না আলোর মিছিল  
বর্গ মালায় ছড়াক নিখিল ।

২০ ফেব্রুয়ারী ২০১২